

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
(ভূমি অধিগ্রহণ শাখা)
www.chittagong.gov.bd
এল.এ. মামলা নং-৩/২০২০-২০২১

(গণবিজ্ঞপ্তি)

জারীর নম্বর: ৫৬

তারিখ: ১৬ জানুয়ারি, ২০২১ খ্রি.

বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম মহোদয়েরনোটিশ বোর্ড।
জেলা প্রশাসক, চট্টগ্রাম মহোদয়ের.....নোটিশ বোর্ড।
উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম এরনোটিশ বোর্ড।
উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম এরওয়েব সাইট।
সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম। ওয়েবসাইটে প্রদর্শনের জন্য।
উপজেলা ভূমি অফিস, সাতকানিয়া, চট্টগ্রাম এরনোটিশ বোর্ড।
ইউনিয়ন ডিজিটাল সেন্টার, কেওচিয়া, সাতকানিয়া, চট্টগ্রাম এরনোটিশ বোর্ড।
প্রকল্পের নিকটবর্তী সুবিধাজনক স্থানে ক্ষতিগ্রস্ত/স্বার্থ সংশ্লিষ্ট সকলের জন্য প্রদর্শন।

(স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ১২ নং নির্দেশ মোতাবেক)

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি “বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন প্রকল্প চট্টগ্রাম জোন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলার জনার কেওচিয়া মৌজায় ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ” শীর্ষক প্রকল্পের জন্য জনপ্রয়োজনে ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন হওয়ায় সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হয়েছে বিধায় বিগত ২৯-১০-২০২০ তারিখে জারিকৃত ৪(১) ধারার নোটিশে উল্লিখিত ০৯/১১/২০২০ তারিখ ও সময়ে ভিডিও ও স্থির চিত্র ধারণসহ সরজমিন পরিমাণ ও যৌথ তদন্ত সম্পন্ন করে সকল তথ্য সমন্বিত করে যৌথ তদন্তের তালিকা প্রস্তুত করা হয়েছে, এতদ্বারা স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ১২ নং নির্দেশ মোতাবেক যৌথ তদন্ত তালিকা ক্ষতিগ্রস্ত/স্বার্থ সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হলো।

অদ্য ১৩-০১-২০২১ তারিখ হতে পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিগ্রহণের জন্য বর্ণিত সম্পত্তির মালিকানা/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণ ৪(৮) ধারায় বিভাগীয় কমিশনারের নিকট যৌথ তদন্ত তালিকায় অবকাঠামো/ঘরবাড়ি অন্তর্ভুক্ত না হওয়ার বিরুদ্ধে আবেদন করতে পারবেন এবং জমির মালিকানা/স্বার্থ সংশ্লিষ্টতা যৌথ তদন্ত প্রকাশিত বিষয়ে আপত্তি জেলা প্রশাসকের নিকট দাখিল করা যাবে।

সংযুক্তি : যৌথ তদন্তের ফিল্ডবুক ০৫ পাতা।

১৩.০১.২০২১

মো: সোহেল রানা
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
চট্টগ্রাম